

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ২০৪

৩/ হায়িয (كتاب الحيض)

পরিচ্ছেদঃ ৩/২৬. যে ব্যক্তি উযূ আছে বলে দৃঢ় বিশ্বাসী অতঃপর সে হাদাসের দ্বারা উযু ভঙ্গের সন্দেহে পতিত হয় সে পুনরায় উষ্ণু না করেই সালাত আদায় করে তার প্রমাণ

الدليل على أن من تيقن الطهارة ثم شك في الحدث فله أن يصلي بطهارته

আরবী

حَدِيْثُ عَبْدِ اللهِ بْنِ زَيْدِ بنِ عَاصِمِ الأنصاري أَنَّهُ شَكَا إِلَى رَسُولِ اللهِ صلى الله عليه وسلم الرَّجُلُ الَّذِي يُخَيَّلُ إِلَيْهِ أَنَّهُ يَجِدُ الشَّيْءَ فِي الصَّلاَةِ فَقَالَ لاَ يَنْفَتِلْ أَقْ لاَ يَنْصَرِفْ حَتَّى يَسْمَعَ صَوْتًا أَقْ يَجِدَ رِيحًا

বাংলা

২০৪. 'আবদুল্লাহ ইবনু যায়দ ইবনু 'আসিম আল-আনসারী (রাযি.) হতে বর্ণিত, একদা আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এক ব্যক্তি সম্পর্কে বলা হল যে, তার মনে হয়েছিল যেন সালাতের মধ্যে কিছু হয়ে গিয়েছিল। তিনি বললেনঃ সে যেন ফিরে না যায়, যতক্ষণ না শব্দ শোনে বা দর্গন্ধ পায়।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৪: উযু, অধ্যায় ৪, হাঃ ১৩৭; মুসলিম, পর্ব ৩: হায়য, অধ্যায় ২৬, হাঃ ৩৬১

হাদিসের শিক্ষা

প্রাসঙ্গিক আলোচনা

হাদীসে অভিযোগকারী হচ্ছেন হাদীসের বর্ণনাকারী স্বয়ং আবদুল্লাহ ইবন যায়েদ ইবন আসেম আল-মাযেনী রাদ্বিয়াল্লাহু আনহু। আর এখানে 'ধারণা' হয় বলা হয়েছে। সুতরাং যদি বাতাস বের হওয়ার বিষয়টি নিশ্চিত হয় তখন ওয়ু ভঙ্গ হওয়ার জন্য শব্দ বা গন্ধের প্রয়োজন হবে না।

হাদীসের শিক্ষা



- ১. কোনো কিছুর যদি দু'টি অবস্থা হতে পারে যেমন হালাল ছিল তা দৃঢ়ভাবে নির্ধারিত কিন্তু পরবর্তীতে কোনো এক কারণে হারাম হওয়ার সম্ভাবনা দেখা দেয় তখন সেটাকে দৃঢ় অবস্থার ওপর রাখতে হবে। অর্থাৎ মূলনীতি হচ্ছে যা আগে ছিল তা-ই রাখা, যতক্ষণ না ভিন্নটি প্রমাণিত হচ্ছে।
- ২, শুধুমাত্র ওয় ভঙ্গ হওয়ার বিষয়টি সন্দেহ হিসেবে আসলে তার কারণে সালাত থেকে বের হওয়া যাবে না।
- ৩. যখন কারো পিছনের রাস্তা দিয়ে বাতাস বের হবে তখন তা তার ওয়ূ নষ্ট করে দিবে, চাই বের হওয়ার বিষয়টি শব্দ শোনা কিংবা গন্ধ বা অন্য কিছুর মাধ্যমে সাব্যস্ত হবে।
- ৪. যেসব জিনিস বলতে লজ্জা লাগে সেগুলো না বলে পরিহার করাই উচিত।
- ৫. যার ওয়ূ আছে তিনি যদি ওয়ূ ভঙ্গ হওয়ার ব্যাপারে সন্দেহ করেন, তখন সে সন্দেহের কারণে তার ওয়ূ করা আবশ্যক নয়; যতক্ষণ না তার ওয়ূ ভঙ্গ হওয়ার বিষয়টি দৃঢ়ভাবে সাব্যস্ত হচ্ছে।
- ৬. হাদীসে শব্দ ও গন্ধের বিষয়টি দৃঢ় হওয়ার জন্য বলা হয়েছে। নতুবা যদি সত্যি সত্যিই তিনি অনুভব করেন যে, তার থেকে বায়ু বের হয়েছে তখন ওয়ূ ভঙ্গ হয়ে যাবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবন যায়দ (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন